137

ভোরের কাগজ

তারিখ ... JAN. 1 0 1999 ... ...
পৃষ্ঠা: ১৮ কলাম: ৫ ......

থানার নাম ভুল লেখার খেসারত

# বেলাবর ৬ স্কুলের শিক্ষকরা ৩ মাস ধরে বেতন পাচ্ছেন না

বেলাব (নরসিংদী) প্রতিনিধি ঃ নরসিংদীর বেলাব থানার ছয়টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরা ৩ মাস ধরে বেতন না পেয়ে মানবেতর দিন কাটাচ্ছেন।

জানা যায়, থানার দক্ষিণধুরা উচ্চবিদ্যালয়, পাটুলি উচ্চবিদ্যালয়, পোড়াদিয়া উচ্চ বিদ্যালয়, বিন্নাবাইদ উচ্চবিদ্যালয়, কাশিমনগর উচ্চবিদ্যালয় ও চন্ডীপাড়া উচ্চবিদ্যালয়ের প্রায় দেড়শ শিক্ষক-কর্মচারীর বেতনভাতা বিলে থানার নাম ভুল লেখার কারণে গত ৩ মাস ধরে তারা তাদের বেতনের সরকারি অংশ থেকে বঞ্চিত হচ্ছেন।

উল্লিখিত বিদ্যালয়সমূহের শিক্ষক-কর্মচারীরা সোনালী ব্যাংক বেলাব শাখায় স্ব স্ব ব্যাংক হিসাব খুলে সরকারি বেতন ভাতাদি পাওয়ার জন্য প্রয়োজনীয় কাগজপত্র মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের বরাবরে প্রেরণ করেন। কিন্তু গত অক্টোবর '৯৮-এর এমপিওতে সরকারি বেতনাংশের চেকে সোনালী ব্যাংক বেলাব শাখার স্থলে সোনালী ব্যাংক মনোহরদী শাখা লেখা হয়। উল্লিখিত ভুলের কারণে বিদ্যালয়গুলোর প্রধান শিক্ষকগণ মহাপরিচালকের দপ্তর হতে ব্যাংকের বিভিন্ন অফিসে ছুটাছুটি করে এখনো সমস্যার সুমাধান করতে পারেনি।